২৩/১০/২০০১

দৈনিক জনকণ্ঠ

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ৫ ...

# রাবিতে প্রথম বর্ষ অনার্স ভর্তি প্রক্রিয়া অনিশ্চিত

রাবি সংবাদদাতা ॥ রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ২০০১-২০০২ শিক্ষাবর্ষে প্রথমবর্ষ অনার্স ক্লাসে ভর্তি প্রক্রিয়া অনিশ্চিত হয়ে পড়েছে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ভর্তির প্রাথমিক আবেদনপত্র (ফরম) বিতরণ এবং ভর্তি পরীক্ষা অনুষ্ঠানের লক্ষ্যে দুই দফায় ভর্তি কমিটির সভা আহ্বান করে।

কিন্তু বিএনপি ও জামায়াত সমর্থক শিক্ষক, কর্মকর্তা-কর্মচারী এবং অঙ্গ সংগঠন ছাত্রদল ও ছাত্রশিবিরের প্রবল বাধার মুখে এ ব্যাপারে চূড়ান্ত সিদ্ধান্ত নেয়া সম্ভব হয়নি।

সংশ্লিষ্ট দায়িত্বশীল সূত্রে জানা গেছে, বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ গত বারের ন্যায় এবারও আগেভাগেই ভর্তি পরীক্ষা অনুষ্ঠানের লক্ষ্যে গত ১৮ অক্টোবর এবং ২৩ সেপ্টেম্বর ভর্তি কমিটির সভা আহ্বান করে।

কিন্তু ২৩ সেপ্টেম্বর জামায়াতের অঙ্গ সংগঠন ছাত্রশিবিরের ধর্মঘট আহ্বান এবং ১৮ অক্টোবর বিএনপি ও জামায়াত সমর্থক শিক্ষক, কর্মকর্তা-কর্মচারী এবং ছাত্রদল ও শিবিরের নেতৃবৃন্দ কর্তৃক উপাচার্যকে 'রুটিন ওয়ার্ক' ব্যতীত অন্যকোন কাজ না করার জন্য চাপ সৃষ্টির ফলে ভর্তি কমিটির সভা অনুষ্ঠান করা যায়নি।

উল্লেখ্য, গত ২০০০-২০০১ শিক্ষাবর্ষে রাজশাহী বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ দেশের সব বিশ্ববিদ্যালয়ের আগেই প্রথমবর্ষে ভর্তির প্রক্রিয়া সম্পন্ন করে।

গত শিক্ষাবর্ষে রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ভর্তির প্রাথমিক আবেদনপত্র (ফরম) বিতরণ শুরু করা হয় ৪ অক্টোবর এবং ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছিল ১ নবেম্বর থেকে।